

## ইকফাই-এ শিক্ষক দিবস উদযাপিত

কামালঘাট, ৬ সেপ্টেম্বর ১১।

ক'দিন বাদেই সমাবর্তন সমারোহ এবং বহু আকাঙ্ক্ষিত নবীন বরণ উৎসব। এর আগে শ্রদ্ধাবনতঃ চিত্তে শিক্ষকদের সন্মান জানানো ইকফাই বিশ্ববিদ্যালয়ের পড়ুয়ারা। নবীন প্রবীন নির্বিশেষে সব ছাত্রছাত্রী শিক্ষকদের সক্রিয় উপস্থিতিতে একাকার হয়ে গেলো ৫৭তম জাতীয় শিক্ষক দিবসে।

গুরুগন্থীর আলোচনা, মহড়া ক্লাস, হাসি-ঠাট্টা, শিক্ষকদের নকল করা, যাদু প্রদর্শনী কোনকিছুই বাদ রাখেনি পড়ুয়ারা। পাশাপাশি, শিক্ষক-শিক্ষিকাদের চন্দন তিলক পরিয়ে সন্মান প্রদর্শন এবং স্মারক উপহার দেওয়ার পর্বও ছিল। ফ্রেমবন্দি ফেসবুক প্রোফাইল ছবির স্মারক হাতে পেয়ে অনেক শিক্ষক-শিক্ষিকাই কিছুটা চমকে উঠেন। প্রসঙ্গত, প্রতি বছরেই ইকফাই বিশ্ববিদ্যালয়ের কামালঘাটস্থিত ক্যাম্পাসে ঘটা করে শিক্ষক দিবস উদযাপিত হয়।

এদিকে, ইকফাই বিশ্ববিদ্যালয়ের এমবিএ পড়ুয়াদের ব্যবহারিক দক্ষতা বাড়ানোর ক্ষেত্রে সহায়ক বেশকিছু উপদেশ দিলেন আমেরিকাস্থিত 'অপ্টিভ-ইস্ক' কোম্পানির সিনিয়র ভাইস প্রেসিডেন্ট তথা আগারতলার বাসিন্দা অনির্বান চক্রবর্তী। মঙ্গলবার তিনি বেশ কিছুক্ষণ পড়ুয়াদের সাথে বিভিন্ন বিষয়ে আলোচনা করেন। বিশ্ববিদ্যালয়ের আহবানে সাড়া দিয়ে তিনি সুদূর ক্যালোফোর্নিয়া থেকে আগারতলায় এসেছেন।

ত্রিপুরা ইঞ্জিনিয়ারিং কলেজ থেকে মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং-এ স্নাতক হওয়ার পর অনির্বানবাবু এমবিএ ডিগ্রী অর্জন করেন এবং আমেরিকায় চলে যান। সেখানে বেশকিছু নামী কোম্পানিতে কাজ করার পর তিনি 'অপ্টিভ-ইস্ক'-এ যোগ দেন। বর্তমানে উনার অধীনে পৃথিবীজুড়ে প্রায় ৭৫০০ কর্মী কাজ করছেন।

প্রেস বিবৃতি